

বাংলাদেশ নির্বাচন কমিশন
উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয়
সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।

নং-১৭.০৭.৯০৮৯.০০০.৩২.০১৮.২২- ৮২

তারিখ: ১৯ এপ্রিল, ২০২২ খ্রি.

বিষয়: ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রম উপলক্ষে শিক্ষার্থীদের অবহিতকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ছবিসহ ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রম উপলক্ষে সুনামগঞ্জ জেলার সদর উপজেলায় তথ্য সংগ্রহকারী কর্তৃক বাড়ি বাড়ি গমন করে যাদের জন্ম তারিখ ০১-০১-২০০৭ বা তার পূর্বে কিন্তু পূর্বে ভোটার তালিকায় অন্তর্ভুক্ত হয় নাই তাদের তথ্য আগামী ২০ মে, ২০২২ তারিখ হতে ০৯ জুন, ২০২২ তারিখ পর্যন্ত সংগ্রহ করা হবে। আপনার প্রতিষ্ঠানের যেসকল শিক্ষার্থীর জন্ম তারিখ ০১-০১-২০০৭ বা তার পূর্বে কিন্তু পূর্বে ভোটার তালিকায় অন্তর্ভুক্ত হয় নাই তারা সংশ্লিষ্ট এলাকায় নিয়োগপ্রাপ্ত তথ্যসংগ্রহকারীদের সাথে যোগাযোগ করে ভোটার তালিকায় অন্তর্ভুক্ত হওয়ার জন্য অবহিত করার অনুরোধ করা হলো।

নতুন ভোটার নিবন্ধনের জন্য যেসকল কাগজপত্র দরকার হবেঃ


- অনলাইনের জন্ম সনদের ফটোকপি (বাধ্যতামূলক)
(যাদের জন্ম সনদ অনলাইনে নেই, তারা দ্রুত অনলাইন জন্ম সনদ করতে হবে।)
- শিক্ষা সনদের (PSC/JSC/SSC) ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে)
- পিতা-মাতার জাতীয় পরিচয়পত্রের (NID) ফটোকপি।
- বিবাহিত হলে স্বামী/স্ত্রীর জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।
- বিদ্যুৎ বিলের কপি/বাড়ির টেক্সের রসিদ।
- নাগরিকত্ব সনদ।
- রক্তের গ্রুপ পরীক্ষার রিপোর্ট।

ভোটার নিবন্ধন ফরম পূরণ করার জন্য যেসব প্রস্তুতি গ্রহণ করা জরুরিঃ

- যাদের জন্ম সনদ অনলাইনে নেই, তারা দ্রুত জন্ম সনদ অনলাইনে করতে হবে।
- যাদের জন্ম সনদ অনলাইনে আছে কিন্তু শিক্ষা সনদের সাথে মিল নেই, তারা দ্রুত জন্ম সনদ সংশোধন করতে হবে।
- যাদের জন্ম সনদ এবং শিক্ষা সনদ তাদের পিতা-মাতার জাতীয় পরিচয়পত্রের সাথে মিল নেই, তারা পিতা-মাতার নাম অনুযায়ী দ্রুত জন্ম সনদ এবং শিক্ষা সনদ সংশোধন করতে হবে।
- নিজের রক্তের গ্রুপ জানা না থাকলে রক্তের গ্রুপ পরীক্ষার মাধ্যমে রক্তের গ্রুপ জানুন।

[একাধিকবার ভোটার হওয়া দণ্ডনীয় অপরাধ। যদি কোন ব্যক্তি ইতোপূর্বে ভোটার নিবন্ধন করে থাকেন এবং যদি তার কোনো তথ্য বা কাগজপত্র ব্যক্তির কাছে না থাকে, তবে জেলা নির্বাচন অফিসে স্বশরীরে উপস্থিত হয়ে আঞ্জুলের ছাপ যাচাইয়ের মাধ্যমে ভোটার হয়েছেন কিনা তথ্য জানা যাবে।]

- প্রাপকঃ ১। অধ্যক্ষ, -----
সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
- ২। প্রধান শিক্ষক/সুপার-----
সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।


উত্তম কুমার রায়
উপজেলা নির্বাচন অফিসার
সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
মোবাইলঃ ০১৭১১-০৭৭১৭৮

নং-১৭.০৭.৯০৮৯.০০০.৩২.০১৮.২২- ৮২(৭)

তারিখ: ১৯ এপ্রিল, ২০২২ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- ২। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
- ৩। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, সিলেট অঞ্চল, সিলেট।
- ৪। জেলা নির্বাচন অফিসার, সুনামগঞ্জ।
- ৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
- ৬। উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
- ৭। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
- ৮। উপজেলা শিক্ষা অফিসার, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
- ৯। অফিস কপি।

উত্তম কুমার রায়
উপজেলা নির্বাচন অফিসার
সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।